



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপত্র (৩য় খন্ড)/২০১১/৩০

তারিখ : ২৭ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ
১০ জানুয়ারি ২০১৮ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

আগামী ১১-১৩ জানুয়ারি ২০১৮, জেলা এবং উপ-জেলায় গৃহীত উন্নয়ন উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন ও উন্নয়ন সম্পর্কিত তথ্য জনগণের কাছে তুলে ধরার জন্য উন্নয়ন মেলা অনুষ্ঠিত হবে। উক্ত মেলায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন পুঁজিবাজারের সকল অংশীজনসহ দ্বিতীয়বারের মত ৮টি বিভাগীয় শহরসহ ৫টি জেলাসহ মোট ১৩ টি স্থানে অংশগ্রহণ করবে। এই অংশ গ্রহণ করার নিমিত্ত ইতোমধ্যে ১৩টি জেলা প্রশাসকবৃন্দের নিকট পত্র প্রেরণ করা হয়েছে। জেলগুলো হলো- ঢাকা, চট্টগ্রাম, সিলেট, রাজশাহী, রংপুর, খুলনা, ময়মনসিংহ, বরিশাল, নরসিংদী, কুমিল্লা, নোয়াখালী (চৌমুহনী), গাজীপুর ও নারায়নগঞ্জ।

উক্ত মেলায় পুঁজিবাজারে সরকারের গৃহীত ও বাস্তবায়িত পদক্ষেপ তথা পুঁজিবাজারের সামগ্রিক উন্নয়ন ও বিনিয়োগ ব্যবস্থা তুলে ধরার জন্য কমিশনের সকল অংশীজনদের সহযোগে অংশগ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করেছে। “দেশের অর্থনৈতিক উন্নয়ন ও অগ্রযাত্রায় পুঁজিবাজার” এ উদ্দেশ্যকে সামনে রেখে মূল প্রতিপাদ্য বিষয় “অর্থনীতির উন্নয়নে প্রযুক্তি” নির্ধারণ করা হয়েছে। ইতোমধ্যে এই মেলাতে অংশ গ্রহণ, সরকারের সাফল্যকে জনগণের নিকট তুলে ধরার জন্য ও মেলাকে সাফল্য মন্ডিত করার লক্ষ্যে নির্বাহী পরিচালক জনাব মোঃ সাইফুর রহমানকে আহ্বায়ক ও উপ-পরিচালক জনাব মোঃ জোবায়ের উদ্দিন ভূঁইয়াকে সদস্য সচিব এবং পুঁজিবাজারের অন্যান্য অংশীদের নিয়ে একটি কমিটি গঠিত হয়েছে। আশা করা যাচ্ছে, এই উন্নয়ন মেলায় অংশগ্রহণের মাধ্যমে প্রান্তজনের মধ্যে পুঁজিবাজার সম্পর্কে সচেতনতা, শিল্পায়নে পুঁজির উত্তোলন ও বিনিয়োগ সম্পর্কিত স্বচ্ছ ধারণা প্রদানে ভূমিকা রাখবে।


২০/০১/২০১৮
মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক, বিএসইসি
ও ফোকাল পয়েন্ট
উন্নয়ন মেলা-২০১৮।